হরমুজে হানা গুজরাটমুখী ভেসেলে, হত ২ ভারতীয়

সংবাদ সংস্থা
বোগোটা, ১১ মার্চ

ভারতমুখী পণ্যবাহী ভেসেল আক্রান্ত হরমুজ প্রণালীতে। থাইল্যান্ডের পতাকাবাহী ভেসেল ময়ূরী নারী ৩০ হাজার টন পণ্য পরিবহণে সক্ষম। সংযুক্ত আরব আমিরশাহি থেকে বুধবার ভারতের উদ্দেশে সেটি রওনা হয়েছিল। হরমুজ প্রণালীতে প্রবেশ করতেই হামলার মুখে পড়ে। ভেসেলে আগুন ধরে যায়। নিহত হন দু'জন ভারতীয়।

ভারতীয়দের মৃত্যুর খবর জানিয়ে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, 'পণ্যবাহী ভেসেলে হামলায় হতাহতের খবর পাওয়া গেছে। ভেসেলে কয়েকজন ভারতীয় ছিলেন। তাঁদের মধ্যে দু'জন ভারতীয় নিহত হয়েছেন। একজন নিখোঁজ।' মধ্যপ্রাচ্যে অশান্তিতে আরও কয়েকজন ভারতীয় আহত হয়েছেন। তাঁদের সম্পর্কে তিনি বলেন, 'মধ্যপ্রাচ্যে আহত ভারতীয়দের সঙ্গে দূতাবাস যোগাযোগ রেখেছে। আজ সকালে, দুবাইয়ে একজন আহত হন। আহত ভারতীয় চিকিৎসাধীন। সঙ্গে দূতাবাস যোগাযোগ করেছে। তাঁর চিকিৎসায় নজর রয়েছে।'

সংযুক্ত আরব আমিরশাহির খালিফা বন্দর ছেড়ে ভেসেলটি গুজরাটের কান্ডলা বন্দরের দিকে আসছিল। উত্তর-পূর্ব ওমান উপকূল থেকে ১১ নটিক্যাল মাইল দূরে আচমকা ময়ূরী নারী-তে প্রজেক্টাইল হামলা হয়। রয়াল থাই নেভি প্রকাশিত ছবিতে ভেসেলের ওপরের দিকের অংশ থেকে কালো ধোঁয়ার কুণ্ডলী বেরিয়ে আসতে দেখা গেছে। ভেঙেছে ভেসেলের একটা অংশ। আক্রান্ত ভেসেলের ক্রু-দের উদ্ধার করতে আসে ওমানের নৌবাহিনী। ভেসেলের ২০ জন ক্রু-কে উদ্ধার করা গেলেও, তিনজন নিখোঁজ। বড় ধরনের ক্ষতির শঙ্কা। ইরান মঙ্গলবার হুমকি দিয়েছিল ইজরায়েল-আমেরিকা হামলা বন্ধ না-করলে এক লিটার তেলও উপসগারীয় অঞ্চলের বাইরে যাবে না। তার পর এই হামলা। ফলে ওই পথে বাণিজ্যিক জাহাজ চলাচল ঝুঁকিপূর্ণ হয়েছে বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

স্পিকারের বিরুদ্ধে অনাস্থা ধ্বনিভোটে খারিজ

আজকালের প্রতিবেদন
দিল্লি, ১১ মার্চ

১০ ঘণ্টা আলোচনার শেষে স্পিকারের বিরুদ্ধে বিরোধীদের আনা অনাস্থা প্রস্তাব খারিজ হয়ে গেল ধ্বনিভোটে। আগামী কাল থেকে ফের লোকসভা পরিচালনা করবেন স্পিকার ওম বিড়লা। পাশাপাশি তিনি সভার শুরুতে বিরোধীদের আচরণ নিয়ে বিবৃতি জারি করবেন। বিরোধীদের আনা প্রস্তাবকে অত্যন্ত দুঃখজনক বলে মন্তব্য করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিরোধী দলনেতা রাহুল গান্ধী ও বিরোধী সাংসদদের সমালোচনা করায় ওয়েলে নেমে বিক্ষোভ দেখায় বিরোধী শিবির। স্পিকারের বিরুদ্ধে প্রস্তাব নিয়ে আলোচনায় আজ তৃণমূলের তরফে সায়নী ঘোষ বলেন, সংসদীয়, ধর্মীয়, সামাজিক সবদিক থেকে দেশের গণতন্ত্র বিপজ্জনক পরিস্থিতিতে রয়েছে। তিনি বলেন, 'বিরোধী শিবিরের সাংসদরা বক্তব্য রাখার জন্য সময় পাচ্ছেন না। তাহলে তাঁরা সাধারণ মানুষের বক্তব্য কীভাবে তুলে ধরবেন। ২০১৯-এর পর থেকে ২০২৪ পর্যন্ত সময়ে সবচেয়ে কম সংখ্যক সংসদীয় কাজ হয়েছে। তাই অভিযোগ, সরকার দেশের নীতি তৈরির এই মঞ্চকে নিজেদের প্রচার মঞ্চে পরিণত করেছে। এমনকী, সংসদের উভয় কক্ষে সিএজি রিপোর্ট সংসদে পেশ হওয়া বন্ধ হয়ে গিয়েছে বলে অভিযোগ করেন সায়নী। লোকসভায় প্রধানমন্ত্রীর বিরুদ্ধে কোনও অপ্রত্যাশিত বক্তব্য থাকতে পারে, স্পিকারের এমন আশঙ্কা প্রকাশ করা নিয়ে বিস্ময় প্রকাশ করেন কংগ্রেসের কেসি বেণুগোপাল। তিনি বলেন, এটা সাংসদদের পক্ষে খুবই অপমানজনক। স্পিকারের দায়িত্বজ্ঞানহীন মন্তব্য। এদিকে, সরকারের তরফে বিরোধীদের প্রস্তাব নিয়ে একহাত নেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, সভা পরিচালনা হয় নির্দিষ্ট বিধি অনুযায়ী, কোনও রাজনৈতিক দলের মর্জিতে সভা পরিচালিত হতে পারে না। তিনি বলেন, 'সরকারের বিরোধিতা করতে গিয়ে স্পিকারকে নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে।' ১০ ঘণ্টা আলোচনার পর ধ্বনিভোটে বিরোধীদের প্রস্তাব খারিজ হয়ে যায়।

বঁক অঁফ বড়ৌদা
Bank of Baroda
ব্রজপুর শাখা, ৬৯৮, ঋষি রাজা নরাম্মথ বোস রোড (নিয়া পার্ক), কলকাতা-৭০০০৬৬

ভুল। দুঃখিত

এই সংবাদপত্রে ১১ মার্চ, ২০২৬ তারিখে প্রকাশিত ব্যাঙ্ক ই-নিলাম বিজ্ঞপ্তিতে ঋণগ্রহীতার নাম শ্রীযুক্তী নীলাঞ্জনা রায় চৌধুরির পরিবর্তে 'কুমারী নীলাঞ্জনা রায় চৌধুরি' পড়তে হবে। বিজ্ঞপ্তির বাকি অংশ অপরিবর্তিত থাকবে। অনিচ্ছাকৃত ভুলের জন্য দুঃখ প্রকাশ করা হচ্ছে।

এলিপিজি সঙ্কট নেই, জানাল কেন্দ্র
রান্নার গ্যাস ইস্যুতে সংসদ চত্বরে বিক্ষোভ বিরোধীদের

আজকালের প্রতিবেদন
দিল্লি, ১১ মার্চ

পশ্চিম এশিয়ার সঙ্ঘাতের জেরে দেশ জুড়ে বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারের ঘাটতির অভিযোগ তুলে বুধবার সংসদ চত্বরে বিক্ষোভ দেখালেন কংগ্রেসের সাংসদেরা। তবে কেন্দ্র এদিন জানিয়েছে, এলপিজি সিলিন্ডার নিয়ে উদ্বেগের কোনও কারণ নেই। সাধারণও এই সিলিন্ডার সরবরাহ করা হয় বুকিংয়ের আড়াই দিনের মধ্যে। এখনও সেই ব্যবস্থা চালু রয়েছে। এলপিজি গ্রাহকদের আশ্বস্ত করে বুধবার এ খবর জানান কেন্দ্রীয় তেল মন্ত্রকের একজন আধিকারিক। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা এদিন জানিয়েছেন, ভারতের জ্বালানি তেলের সরবরাহ এখন নিরাপদ। তা ছাড়া কেন্দ্র ব্যবস্থা নেওয়ায় দেশে এলপিজি উৎপাদন ২৫ শতাংশ বেড়েছে। এখন হরমুজ প্রণালীর বাইরের সূত্র থেকে প্রায় ৭০ শতাংশ তেল আনা হচ্ছে। তিনি বলেন, 'আতঙ্কে অনেকে গ্যাস বুকিং করছেন। মজুতও করা হচ্ছে। তবে আমরা জানাতে চাই, গ্রাহকদের হড়োহড়ি করে গ্যাস বুকিং করার দরকার নেই।' অন্যদিকে বার্লিনের বর্ষব, ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সি বুধবার তাদের মজুত ভাণ্ডার থেকে ৪০ কোটি ব্যারেল তেল বাজারে ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে। এটাই ইতিহাসে সব চেয়ে বেশি পরিমাণ মজুত তেল ছাড়ার সিদ্ধান্ত। এর জেরে সরবরাহে চাপ কিছুটা কমতে পারে। ২০২২ সালে ইউক্রেনে রাশিয়ার হামলার সময় ৩২ সদস্যের দেশ আইইএ বাজারে ছেড়েছিল ১৮২.৭ মিলিয়ন ব্যারেল তেল।

এদিনই বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারের ঘাটতির অভিযোগে বিক্ষোভে অংশ নেন কংগ্রেস সাংসদ প্রিয়াঙ্কা গান্ধী ভদ্র। বিরোধী সাংসদদের হাতে ছিল ব্যানার, যেখানে লেখা ছিল: 'পিএম ইজ কপ্লোমাইজড'। বিরোধী-জোট 'ইন্ডিয়া' ব্লকের নেতারা সংসদের ভিতরে এই বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনার দাবি জানান। তাঁদের অভিযোগ, পশ্চিম এশিয়ার চলমান সঙ্ঘাতের প্রভাব ইতিমধ্যেই ভারতের জ্বালানি সরবরাহ ব্যবস্থায় পড়তে শুরু করেছে, অথচ কেন্দ্র সরকার এ বিষয়ে স্পষ্ট অবস্থান নিচ্ছে না।

বুধবার আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল দাবি করেন, পশ্চিম এশিয়ার সঙ্ঘাতের জেরে তৈরি-হওয়া জ্বালানি সঙ্কটের মোকাবিলায় কেন্দ্র যথাযথ প্রস্তুতি নেয়নি। দেশে এলপিজির তীব্র ঘাটতি তৈরি হয়েছে এবং তার প্রভাব পড়তে শুরু করেছে হোটেল ও রেস্তোরাঁ শিল্পে। তাঁর দাবি, 'ভারতে ব্যবহৃত এলপিজির প্রায় ৯০ শতাংশই হরমুজ প্রণালীর মাধ্যমে আমদানি করা হয়।' কেজরিওয়ালের দাবি, দিল্লি ও বিহার মিলিয়ে আগামী দু'দিনের মধ্যে প্রায় ৫০ শতাংশ হোটেল বন্ধ হওয়ার পরিস্থিতি তৈরি হতে পারে।

অন্য দিকে সরকারি সূত্রে জানানো হয়েছে, পশ্চিম এশিয়ার সঙ্ঘাতের জেরে বিশ্ব জুড়ে জ্বালানি সরবরাহে চাপ তৈরি হয়েছে এবং তার প্রভাব ভারতে পড়েছে। পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্র সরকার জরুরি ভিত্তিতে এসমা প্রয়োগ করেছে। এদিন কংগ্রেস সাংসদ প্রমোদ তিওয়ারি বলেন, 'পশ্চিম এশিয়ার সঙ্ঘাতের সম্ভাব্য প্রভাব সম্পর্কে সরকার আগাম কোনও প্রস্তুতি নেয়নি। ফলে এখন সাধারণ মানুষ এবং ব্যবসায়ীদের সমস্যার মুখে পড়তে হচ্ছে।' সিপিএমের রাজ্যসভা সাংসদ ভি শিবাদাসনও এই ইস্যুতে বলেন, 'এলপিজির ঘাটতির কারণে বহু হোটেল বন্ধ হয়ে গিয়েছে এবং অসংখ্য পরিবার সমস্যায় পড়েছে।' তিনি জানান, সংসদের ভিতরে বিষয়টি তোলা হবে এবং সংসদের বাইরেও মূল্যবৃদ্ধির বিরুদ্ধে দেশ জুড়ে আন্দোলন গড়ে তোলা হবে।

আড়াই দিনেই মিলবে গ্যাস, আশ্বাস

সাংসদদের সাগরিকা: দিঘার মন্দিরে আসুন

আজকালের প্রতিবেদন
দিল্লি, ১১ মার্চ

দিঘার জগন্নাথ মন্দিরের উল্লেখ করে চেয়ারম্যান-সহ রাজ্যসভার সাংসদদের সেখানে যাওয়ার আমন্ত্রণ জানালেন তৃণমূলের রাজ্যসভার উপ-দলনেতা সাগরিকা ঘোষ। বুধবার জিরো আওয়ারে তিনি বলেন, বাংলা কখনও সংখ্যালঘুদের ভয় দেখাতে মন্দির প্রতিষ্ঠা করে না। দিঘার জগন্নাথ মন্দির বাংলার সংস্কৃতি, বৈচিত্রকে তুলে ধরে।

সাগরিকা বলেন, 'দিঘার জগন্নাথ মন্দির শুধুমাত্র ইট, পাথরের তৈরি করা ইমারত নয়। বাংলা দীর্ঘদিন ধরে যে সাংস্কৃতিক, আধ্যাত্মিক পরম্পরাকে পালন করে এসেছে, তারই প্রতিনিধিত্ব করছে এই মন্দির। প্রায় ১৫০-রও বেশি দেব বেশে কয়েক কোটির বেশি পুণ্যার্থী এই মন্দিরে এসেছেন।' তিনি বলেন, এই মন্দিরটি ভারতের সবচেয়ে দ্রুত প্রসার হওয়া আধ্যাত্মিক কেন্দ্র। এর ফলে আশপাশের হোটেলগুলি পূর্ণ হয়েছে, স্থানীয় ব্যবসা চাঙ্গা হয়েছে এবং অর্থনীতিতে গতি বেড়েছে। সাগরিকার কথায়, 'এই মন্দির মানুষের আবেগ, ভক্তির প্রকাশ। কোনও প্রোপাগান্ডা নয়। কোনও রাজনৈতিক উদ্দেশ্য, সামাজিক বিভাজনের জন্য এই মন্দির তৈরি করা হয়নি। বাংলা কখনও মানুষের ভক্তি, বিশ্বাসকে হাতিয়ার করেনি, করে না। নাখোদা মসজিদ, বেলুড় মঠ, মাদার টেরেসা রয়েছেন বাংলার মাটিতে। বাংলার মাটিতে আছান, কীর্তন সব একসঙ্গে হয়। এর মধ্যে দিয়ে বাংলার বৈচিত্র প্রকাশিত হয়। কারণ, বাংলা রামকৃষ্ণ পরমহংসের মাটি। যিনি বলেছিলেন 'যত মত, তত পথ'। বাংলা শ্রীচৈতন্যদেবের মাটি, যিনি সহশীলতা শিখিয়েছিলেন, স্বামী বিবেকানন্দ শিখিয়েছিলেন কুসংস্কার মানুষের উন্নতির চরম শত্রু।' তিনি বলেন, দিঘার জগন্নাথ মন্দির 'বর্ষ যার যার, উৎসব সবার' এই মতবাদই প্রতিষ্ঠা করে। সেই কারণে সকল সম্প্রদায়, জাতি, ধর্মবর্ণনির্বিশেষে সকলের জন্য খোলা এই মন্দিরের দরজা।

ফারুক আবদুল্লাকে লক্ষ্য করে গুলি

জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লাকে লক্ষ্য করে গুলি চালাল আততায়ী। জখম হয়েছেন সে-রাজ্যের উপমুখ্যমন্ত্রী সুরিন্দর চৌধুরিও। পুলিশ জানিয়েছে, প্রাক্তন মুখ্যমন্ত্রী একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে গিয়েছিলেন। উপস্থিত ছিলেন উপমুখ্যমন্ত্রীও। সূত্রের খবর, সেখানে উপস্থিত নিরাপত্তা কর্মীর সঙ্গে সঙ্গে হামলাকারীকে ধরে ফেলে। পরে পুলিশ তাকে হেফাজতে নেয়। অভিযুক্তের নাম কমল সিং জামওয়াল। সে খনি শিল্পের সঙ্গে যুক্ত, জম্মুর বাসিন্দা। জানা গেছে, ফারুক আবদুল্লাকে নিশানা করে গুলি চালানো হলেও, তিনি অক্ষত আছেন। তবে জখম হয়েছেন সুরিন্দর চৌধুরি। জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী, ফারুক আবদুল্লার ছেলে ওমর আবদুল্লার ছেলে জানিয়েছেন, খুব অল্পের জন্য বাবা রক্ষা পেয়েছেন। তাঁকে খুব কাছ থেকে গুলি করা হয়েছিল। জামওয়ালকে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে।

'মমতা লৌহমানবী'

বীরেন ভট্টাচার্য
দিল্লি, ১১ মার্চ

দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের অপসারণ নিয়ে তৃণমূলের প্রস্তাবে সর্বাত্মক সমর্থন জানিয়েছে বিরোধীরা। কংগ্রেস, সমাজবাদী পার্টি বুধবার জানিয়েছে, তাদের দলের তরফে সমর্থন জানানো হবে। জানা গিয়েছে, এই প্রস্তাবে ইতিমধ্যেই সাংসদদের সই সংগ্রহ শুরু হয়েছে। শুক্রবার অথবা আগামী সোমবারের মধ্যেই সংসদের উভয়কক্ষে জমা দেওয়া হবে জ্ঞানেশ কুমারকে সরানোর প্রস্তাব। লোকসভার পাশাপাশি রাজ্যসভাতেও প্রস্তাব জমা দিয়ে সরকারের ওপর চাপ বাড়াতে চায় ঐক্যবদ্ধ বিরোধী শিবির। জ্ঞানেশ কুমার বিরুদ্ধে পদক্ষেপ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির প্রশংসা করার পাশাপাশি তৃণমূলের প্রস্তাবকে সমর্থন জানিয়েছে সমাজবাদী পার্টি। সমাজবাদী পার্টির প্রবীণ সাংসদ অবধেশ প্রসাদ বুধবার বলেছেন, 'মমতা ব্যানার্জি একজন লৌহমানবী হয়ে উঠেছেন। যখন ইতিহাস লেখা হবে, দেশের গণতন্ত্র রক্ষার জন্য তাঁর নাম লেখা থাকবে।' দলের আরেক সাংসদ ধর্মেন্দ্র যাদব বলেছেন, 'তৃণমূলের পাশে রয়েছে সমাজবাদী পার্টি। জ্ঞানেশ কুমারকে অপসারণের জন্য তৃণমূলের আনা প্রস্তাবে সমর্থন জানাবে আমাদের দল।' সপার আরেক সাংসদ এবং জাতীয় মুখপাত্র রাজীব রাইও জানান তৃণমূলের আনা প্রস্তাবে সমর্থন জানাবে তাঁদের দল। কংগ্রেসের সাংসদ মানু বীর জানান, 'এই লড়াই নির্বাচন কমিশন এবং এসআইআরের বিরুদ্ধে। গত অধিবেশনেই আমরা এই লড়াই শুরু করেছি। এখন তৃণমূলের তরফে এই প্রস্তাব আনা হয়েছে এবং আমরা এই প্রস্তাবে সমর্থন জানাতে চলেছি।' জানা গিয়েছে, প্রয়োজনে কোনও বেশি সংখ্যক সাংসদের সমর্থন রয়েছে অপসারণের প্রস্তাবে। প্রস্তাবের খসড়া ইতিমধ্যেই তৈরি হয়ে গিয়েছে।

নিষ্কৃতিমৃত্যুতে রায়

● ১ পাতার পর

সেই দুর্ঘটনার পর থেকেই তিনি সম্পূর্ণ শয্যাশায়ী হয়ে পড়েন। ধীরে ধীরে তাঁর শারীরিক অবস্থা এমন পর্যায়ে পৌঁছেয়, যেখানে তিনি শরীর নাড়তে, কথা বলতে পারতেন না। রায়ের পর হরীশের বাবা, অশোক রানা বলেন, 'কোনও বাবা-মা কখনও তাদের সন্তানের জন্য এমন কিছু চাইতে পারে না। কিন্তু আমরা জানতাম, এই অবস্থায় ছেলের যন্ত্রণা অসহনীয়।' এই মামলার আইনি লড়াই শুরু হয়েছিল দিল্লি হাইকোর্টে। হরীশের বাবা-মা মালভাবের কাছে আবেদন করেন যাতে একটি মেডিক্যাল বোর্ড গঠন করে তাঁর শারীরিক অবস্থার মূল্যায়ন করা হয় এবং সুপ্রিম কোর্টের ঐতিহাসিক 'কমন কজ বনাম ইউনিয়ন অফ ইন্ডিয়া' মামলায় নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী জীবনরক্ষাকারী চিকিৎসা প্রত্যাহারের বিষয়টি বিবেচনা করা হয়। কমন কজের মামলায় সুপ্রিম কোর্ট নির্দিষ্ট শর্তে 'প্যাসিভ ইউথানাশিয়া' বা চিকিৎসা প্রত্যাহারের নীতিতে স্বীকৃতি দিয়েছিল। তবে দিল্লি হাইকোর্ট সেই আবেদন খারিজ করে দেয়। আদালতের মতে, হরীশ রানা কোনও যান্ত্রিক লাইফ সাপোর্টে নেই এবং বাহ্যিক যন্ত্রের সাহায্য ছাড়াই শ্বাস নিতে সক্ষম। ২০২৪ সালে হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে আবেদন করেন তাঁর বাবা-মা। শুরুতে তাঁর শীর্ষ আদালতও মেডিক্যাল বোর্ড গঠনের আবেদন মঞ্জুর করেনি। হরীশের অবস্থার কোনও উন্নতি না হওয়ায় তাঁর বাবা আবার সুপ্রিম কোর্টে আবেদন করেন এবং জীবনরক্ষাকারী চিকিৎসা প্রত্যাহারের অনুমতি চান। দীর্ঘ শুনানির পর গত ১৫ জানুয়ারি আদালত রায়দান স্থগিত রাখে। অবশেষে আজ, বুধবার ঘোষিত এই রায় দেশের আইনি পরিসরে 'মৃত্যুর অধিকার' ও নিষ্কৃতিমৃত্যু নিয়ে চলমান বিতর্কে নতুন মাত্রা যোগ করল।

THE WEST BENGAL MADRASAH SERVICE COMMISSION
Bikash Bhavan, (2nd floor) East Block, Salt Lake, Kolkata - 700091
Tel: 033-23213615 # email: wbmsc18@yahoo.com # website: www.wbmsc.com

Memo No. WBMSC/Recruitment Notice/07/2026 Dated - 10.03.2026

Notification for - 8th State Level Selection Test (Head Master/Head Mistress/Superintendent), 2026
2nd State Level Selection Test (Non-Teaching) - Clerk, 2026 and
2nd State Level Selection Test (Non-Teaching) - Librarian, 2026

It is hereby notified for general information that the West Bengal Madrasah Service Commission is going to hold recruitment process for the recruitment to the following posts of Non-Govt., Aided Madrasahs of West Bengal:

1. 8th State Level Selection Test (Head Master/ Head Mistress/ Superintendent), 2026
2. 2nd State Level Selection Test (Non-Teaching) - Librarian, 2026
3. 2nd State Level Selection Test (Non-Teaching) - Clerk, 2026

Detailed information regarding eligibility criteria, application procedure, examination schedule, etc. will be published on the official website of the Commission in due course.
All concerned are requested to take note of the same and follow the official website of the Commission www.wbmsc.com on regular basis.

Sd/-
Secretary
West Bengal Madrasah Service Commission

কেনারা বঁক Canara Bank
भारत सरकार का उपक्रम A Government of India Undertaking
सिंडिकेट Syndicate

রিজিওনাল অফিস: দুর্গাপুর
রিকভারি অ্যান্ড লিগ্যাল সেকশন
জিস্তা এনক্লেভ, ডেয়ারি মোড়ের কাছে,
সাগরভাঙ্গা, দুর্গাপুর, পিন-৭১৩২১১

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
তারিখ: ৩০.০৩.২০২৬

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর সংস্থান মোতাবেক দখল নেওয়া নিম্নবর্ণিত সম্পত্তিগুলি অনলাইন পদ্ধতিতে নিম্নোক্তভাবে ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।
নিম্নলিখিত শর্ত ও নিয়মাবলি অনুসারে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ক্রয়ে আগ্রহী ক্রেতাদের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ করা হচ্ছে।

ক্রম নং	ক) সুরক্ষিত ঋণদাতার নাম ও ঠিকানা খ) ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	ক) দায় (হাজার বকেয়া মূল) খ) ১৫(১) প্রাক্তনীয় দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) ১৩(৪) প্রাক্তনীয় দখল বিজ্ঞপ্তির তারিখ	সম্পত্তির বিশদ বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিধ বাড়ানোর মূল্য ঘ) যোগাযোগের ব্যক্তি, শাখার নাম ও জিরিফোনান অফিস ঙ) ইএমডি জমার অ্যাকাউন্ট
১.	ক) কানাড়া ব্যাঙ্ক, বিষ্ণুপুর শাখা খ) মেসার্স জী ধী সর্বজনলা ক্লিনিক (ঋণগ্রহীতা) প্রোপ্রাইটর: অরীন্দ্র জানা রবীন্দ্র উন্নয়ন কাছে, বালিয়াপাড়া, বিষ্ণুপুর, জেলা- বাঁকুড়া মিঃ অরীন্দ্র জানা (প্রোপ্রাইটর) পিতা- বীরেন্দ্র নাথ জানা বালিয়াপাড়া, বিষ্ণুপুর, জেলা- বাঁকুড়া মিঃ সুভাষ চন্দ্র জানা (জামিনদার/ বন্ধকদাতা) পিতা- বীরেন্দ্র নাথ জানা দক্ষিন চোচাচাম, পাঁশকুড়া, জেলা- পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন-৭২৩১৪৬	ক) ₹১৬.৮৪ লক্ষ + ২৮.০২.২০২৬ থেকে অন্যান্য সুদ ও চার্জ খ) ২১.০৭.২০২৫ গ) ১০.১১.২০২৫	উপরিনির্দিষ্ট বাড়ি সমেত সামান্য কমবেশি ৪ ডেসিমেল বাস্তু জমির অপরিভাগ সমেত পরিমাপ যার অবস্থান: জে এল নং ১৩৫, আর এল খতিয়ান নং ৫৪৪, এল আর খতিয়ান নং ১০৫৯৬ (শিয়াড়), আর এল প্লট/ দাগ নং ৬৬৮১/১০৫২, এল আর প্লট/ দাগ নং ৭২৫৩, গ্রাম- উদাখালি সাজার, মৌজা- লক্ষী, এডিএসআরও- খেজুরি, থানা- খেজুরি, পোস্ট- হেঁড়িয়া, জেলা- পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন-৭২১৪৩০। এলাকার চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- একই প্লটে দেবাশিষ জানার সম্পত্তি; দক্ষিণ- প্রতিবাদ নং ৬৬৮১; পূর্ব- একই প্লটে সুমন কুমার মান্নার সম্পত্তি; পশ্চিম- প্লট নং ১০৫৫৮ এবং এক্সটেন্ট বার্ন রাস্তা। [সম্পত্তিটি ব্যাঙ্কের গচ্ছিত দখলে রয়েছে]	ক) ₹২৬.৯৫ লক্ষ খ) ₹২.৭০ লক্ষ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: কানাড়া ব্যাঙ্ক, বিষ্ণুপুর শাখা, মোবাইল: ৮৩৩৪৯ ৯৯৪৩০ ঙ) ইএমডি অর্থাৎ বায়না ₹২.৭০ লক্ষ BAANKNET.COM পোর্টাল (https://baanknet.com/) উপলব্ধ ই-ওয়াটেন্ডে যোগ করে জমা দিতে হবে
২.	ক) কানাড়া ব্যাঙ্ক, পুরুলিয়া শাখা খ) মেসার্স ভরুসী যুব অ্যান্ড রেস্তোরাঁ (ঋণগ্রহীতা) প্রোপ্রাইটর: শুভজিৎ দেশওয়ী গ্রাম- চাকনরডা, ধড়া, পুরুলিয়া, জেলা- পুরুলিয়া শ্রী শুভজিৎ দেশওয়ী (প্রোপ্রাইটর) পিতা- শ্রী নির্লিপ্ত কুমার দেশওয়ী ওয়ার্ড নং ১, ডি টি রোড বাই লেন, পিরিপ চন্দ্র স্কুল, জেলা- পুরুলিয়া শ্রীমতী অরতী দেশওয়ী (জামিনদার/ বন্ধকদাতা) স্ত্রী- শ্রী নির্লিপ্ত কুমার দেশওয়ী গ্রাম- চাকনরডা, পোস্ট- ধড়া, থানা- ধড়া, জেলা- পুরুলিয়া	ক) ₹১৩.৩৩ লক্ষ + ২৮.০২.২০২৬ থেকে অন্যান্য সুদ ও চার্জ খ) ২১.০৭.২০২৫ গ) ১৭.১০.২০২৫	বাড়ি সমেত সামান্য কমবেশি ১১ ডেসিমেল বাস্তু জমির অপরিভাগ সমেত পরিমাপ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ৭৬, আর এল খতিয়ান নং ১১২, ১৫০, আর এল প্লট নং ২২৬, পরলনা- লালুরবন, মৌজা- চাকনরডা, এডিএসআরও- কাশীপুর, থানা- ধড়া, জেলা- পুরুলিয়া, পশ্চিমবঙ্গ, পিন-৭২৩৫০১। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- পুরুলিয়া বাঁকুড়া রোড; দক্ষিণ- অভিজিৎ ভাট্টির জমি; পূর্ব- আর এল প্লট নং ২২১৯ সংবলিত জমির অংশ; পশ্চিম- সংস্থের মাহাতোর জমি। [সম্পত্তিটি ব্যাঙ্কের গচ্ছিত দখলে রয়েছে]	ক) ₹৩৮.৮৪ লক্ষ খ) ₹৩.৮০ লক্ষ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: কানাড়া ব্যাঙ্ক, পুরুলিয়া শাখা, মোবাইল: ৮৩৩৪৯ ১৯৪১৯ ঙ) ইএমডি অর্থাৎ বায়না ₹৩.৮৮ লক্ষ BAANKNET.COM পোর্টাল (https://baanknet.com/) উপলব্ধ ই-ওয়াটেন্ডে যোগ করে জমা দিতে হবে
৩.	ক) কানাড়া ব্যাঙ্ক, বর্ধমান খানপুরহাট শাখা খ) মিসেস মৌপ্রী ভাটাচার্জি (ঋণগ্রহীতা) বন্ধকদাতা নতি লাসপাড়া বর্ধমান, বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩১০১	ক) ₹১২.৪৩ লক্ষ + ২৮.০২.২০২৬ থেকে অন্যান্য সুদ ও চার্জ খ) ২২.০৪.২০২৫ গ) ২৪.০৬.২০২৫	উপরিনির্দিষ্ট বাড়ি ও কাঠামো সমেত সামান্য কমবেশি ১৩৫৯ বর্গফুট – ১ কাঠা ৭ ছটাক ১৪ বর্গফুট – ০.০৪৪ একর যাস্তু জমির অপরিভাগ সমেত পরিমাণ যার অবস্থান: আর এল প্লট নং ১৯৮০, এল আর প্লট নং ৫০২৯, আর এল খতিয়ান নং ৩৩৩, এল আর খতিয়ান নং ৮৩৭৯, ৮৬১৬ ও ১১৫৯১, জেলা- বর্ধমান, থানা- বর্ধমান, মৌজা- বরি, জে এল নং ৭৩, রায়ান-১ গ্রাম পঞ্চায়েত। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- ১৬ ফুট চওড়া রাস্তা যা কাজল রোডের সঙ্গে সংযুক্ত; দক্ষিণ- ৪ ফুট চওড়া জলচ্ছাস পরিসর; পূর্ব- বিক্রয়ে যাওয়া চিরি লোব নং ১৯৭০/আংশ; পশ্চিম- উমাপদ রায়ের একজন বাড়ি (প্লট নং ১৯৭০/আংশ)। [সম্পত্তিটি ব্যাঙ্কের গচ্ছিত দখলে রয়েছে]	ক) ₹২২.০৫ লক্ষ খ) ₹২.১১ লক্ষ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: কানাড়া ব্যাঙ্ক, বর্ধমান খানপুরহাট শাখা, মোবাইল: ৯৭৩৩৩ ৩০৭৬৭ / ৮৩৩৪৯ ৯৯৪২৫ ঙ) ইএমডি অর্থাৎ বায়না ₹২.২১ লক্ষ BAANKNET.COM পোর্টাল (https://baanknet.com/) উপলব্ধ ই-ওয়াটেন্ডে যোগ করে জমা দিতে হবে
৪.	ক) কানাড়া ব্যাঙ্ক, বাঁকুড়া শাখা খ) ভাগ্নি দুলে (প্রোয়াক্ত শুক্ক দুলের আইনি উত্তরাধিকারিণী) স্বর্গী- প্রয়াত শুক্ক দুলে হাঁরিনাপুর, পাথরডিহি, হাঁরিনাপুর, হিরবাঁধ, বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭২২১০১ মিরা দুলে (প্রোয়াক্ত শুক্ক দুলের আইনি উত্তরাধিকারিণী) পিতা- প্রয়াত শুক্ক দুলে হাঁরিনাপুর, পাথরডিহি, হাঁরিনাপুর, হিরবাঁধ, বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭২২১০১ শ্রীমতী দুলে (প্রোয়াক্ত শুক্ক দুলের আইনি উত্তরাধিকারিণী) পিতা- প্রয়াত শুক্ক দুলে হাঁরিনাপুর, পাথরডিহি, হাঁরিনাপুর, হির